

মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করার উদ্যোগ

মাযাদি রিপোর্ট

মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করার জন্য আগামী শিক্ষাবর্ষ থেকে পাঠ্যপুস্তকে ব্যাপক পরিবর্তন আনছে মাদ্রাসা শিক্ষা বোর্ড। মাধ্যমিক স্তরের পাবলিক পরীক্ষা এসএসসির মতো মাদ্রাসা বোর্ডের দাখিল পরীক্ষায় নবম-দশম শ্রেণীর বাংলা ও ইংরেজি বিষয়ে ১০০ নাম্বরের পরিবর্তে ২০০ নাম্বরের কোর্স বাধ্যতামূলক করা হচ্ছে। এছাড়া দাখিল ও আলিমে বিজনেস স্টাডিজ বিভাগ চালু করা হচ্ছে। প্রগতি সিলেবাস ও পাঠ্যক্রম শিক্ষা অধিদপ্তর এবং মন্ত্রণালয়ে জমা দেয়া হয়েছে বলে জানা গেছে। বর্তমানে দাখিল ও আলিম স্তরে বাংলা ও ইংরেজিতে ১০০ নাম্বরের কোর্স চালু আছে। ফলে বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা গ্রহণে মাদ্রাসা বোর্ডের শিক্ষার্থীদের শিক্ষা: পৃষ্ঠা ১৫ কলাম ৫

শিক্ষা : মাদ্রাসা

(প্রথম পৃষ্ঠার পর)

প্রতিবছরকতায় পড়তে হয়। ২০০৮-০৯ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় বাংলা ও ইংরেজি বিষয়ে ২০০ নাম্বার বাধ্যতামূলক করে ভর্তির যোগ্যতা ঠিক করলে মাদ্রাসা বোর্ডের শিক্ষার্থীরা বিপাকে পড়ে। এ সিদ্ধান্ত শেষ পর্যন্ত আদালত পর্যন্ত গড়ায়। বর্তমান সরকার মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করার জন্য পরিকল্পনা গ্রহণ করে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জাতীয় সংসদে মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাকে বিজ্ঞান ও তথ্য প্রযুক্তিনির্ভর এবং যুগোপযোগী করে তোলার জন্য দাখিল স্তরের কারিকুলাম সংশোধনের কাজ হাতে নেয়া হয়েছে বলে জানান।

মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মোহাম্মদ ইউসুফ শনিবার যায়যায়দিনকে জানান, শিক্ষার্থীরা মাত্র ১০০ করে ২০০ নাম্বরের বাংলা ও ইংরেজি পড়তো, এখন সেখানে ৪০০ নাম্বরের বাংলা-ইংরেজি পড়তে হবে। আগামী শিক্ষাবর্ষে নবম শ্রেণী থেকে এ সিলেবাস কার্যকর হচ্ছে। সরকারের শিক্ষানীতি প্রণয়ন কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে মাদ্রাসা শিক্ষাকে পুরো ডেলে সাজানো হবে। পরিবর্তিত সিলেবাসে শিক্ষা গ্রহণ করে শিক্ষার্থীরা বৈষম্যের শিকার হবে না বলে মনে করেন বোর্ডের চেয়ারম্যান। তিনি বলেন, প্রণয়নের আগে মাদ্রাসা প্রধান ও ইসলামী সিদ্ধান্তবাদের মতামত নেয়া হয়েছে। মাদ্রাসা শিক্ষার মৌলিকত্ব বজায় রেখে সিলেবাসকে যুগোপযোগী করার প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে। সরকার নবম শ্রেণী থেকে কম্পিউটার শিক্ষাকে বাধ্যতামূলক করছে- এ প্রসঙ্গে মাদ্রাসা বোর্ডেও কম্পিউটারকে বাধ্যতামূলক করা হবে বলে জানান চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ ইউসুফ। নতুন কারিকুলাম অনুযায়ী মাদ্রাসায় ১০টি বিষয় বাধ্যতামূলক করা হচ্ছে বলে সংশ্লিষ্ট বোর্ড সূত্রে জানা গেছে। কোরআন, আকাইদ ও ফিকহ, আরবি, বাংলা, ইংরেজি, সাধারণ গণিত, সামাজিক বিজ্ঞান ও সাধারণ গণিত।